যুগান্তর

তারিখ 07 MAR 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# চকরিয়ায় দরজা ভেঙে গুলি ছুড়ে এসএসসি পরীক্ষার্থীকে অপহরণ

## স্বর্ণালংকার ও নগদ টাকা লুট

**চকরিয়া প্রতিনিধি**

কক্সবাজারের চকরিয়া উপজেলার ফাঁসিয়াখালী ইউনিয়নের কাচারীপাড়ায় একদল বখাটে শনিবার দিবাগত রাত ২টার দিকে বসতবাড়ির দরজা ভেঙে, উপর্যুপরি ফাঁকা গুলিবর্ষণ করে এক এসএসসি পরীক্ষার্থিনীকে অপহরণ করেছে। এ সময় লুট করেছে চার ভরি স্বর্ণালংকার ও নগদ পৌনে দুই লাখ টাকা। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।

প্রত্যক্ষদর্শী ও পরিবার সূত্র জানায়, কাচারীপাড়ার মৃত মহিবুল্লাহর কন্যা মেহেরুননিছা স্থানীয় রশিদ আহমদ চৌধুরী উচ্চ বিদ্যালয় থেকে এবার এসএসসি পরীক্ষা দিচ্ছে। মেহেরুননিছা বিদ্যালয়ে যাওয়ার পথে প্রতিনিয়ত উত্ত্যক্ত করত পার্শ্ববর্তী ঘোনার পাড়ার আবু ছিদ্দিকের ছেলে মোহাম্মদ মহিউদ্দিন। এমনকি সম্প্রতি বিয়ের প্রস্তাবও দেয় বখাটে মহিউদ্দিন। এতে রাজি না হওয়ায় শনিবার দিবাগত রাত ২টার দিকে মহিউদ্দিন ভাড়াটে সশস্ত্র বখাটেদের নিয়ে মেহেরুননিছার খালুর বাড়িতে হানা দেয়। এ সময় বাড়ির তিনটি দরজা ভেঙে ভেতরে ঢুকে পরিবারের সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে এবং পরপর সাত রাউন্ড ফাঁকা গুলি ছুড়ে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করে। ভাংচুর ও তছনছ করা হয় বাড়ির আসবাবপত্র। এরপর মেহেরুননিছাকে জোরপূর্বক অপহরণ এবং চার ভরি স্বর্ণালংকার ও নগদ ১ লাখ ৮৫ হাজার টাকা লুট করে নিয়ে যায় সশস্ত্র বখাটেরা।

অপহৃত মেহেরুননিছার মা আনজুমান আরা বেগম ও ভাই আবুল কাশেম বলেন, বখাটে মহিউদ্দিনের উৎপাতের কারণে মেহেরুননিছাকে বাড়িতে না রেখে খালু হাজী জাকের উল্লাহর বাড়িতে রাখা হয়। কিন্তু বখাটেরা রাতে খালুর বাড়িতে হানা দিয়ে পরপর সাত রাউন্ড ফাঁকা গুলি ছুড়ে। এতে আমরা একেবারে ভীতসন্ত্রস্ত হয়ে পড়ি। এ সুযোগে অস্ত্রের ভয় দেখিয়ে মেহেরুননিছাকে বখাটেরা অপহরণ করে গাড়িতে তুলে অজ্ঞাত স্থানে নিয়ে যায়।

চকরিয়া থানার ওসি মো. জহিরুল ইসলাম খান বলেন, খবর পেয়ে রাতেই দ্রুত ঘটনাস্থলে পুলিশ পাঠাই। কিন্তু তার আগেই বখাটেরা পালিয়ে যায়। ঘটনায় জড়িতদের ধরতে এবং অপহৃত এসএসসি পরীক্ষার্থিনীকে উদ্ধারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। লিখিত অভিযোগ পাওয়ার পর মামলা হিসেবে রুজু করা হয়েছে।